

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৫২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১৯. রুকু'র সময় হাত না উঠানোর বর্ণনা

باب مَنْ لَمْ يَذْكُرِ الرَّفْعَ عِنْدَ الرُّكُوعِ

আরবী

حَدَّ ثَنَا حُسَيْنُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ ، أَخْبَرَنَا وَكِيعٌ ، عَنِ ابْنِ أَبِي لَيْلَى ، عَنْ أَخِيهِ ، عِيسَى عَنِ الْحَكَمِ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ ، قَالَ رَأَيْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم رَفَعَ يَدَيْهِ حِينَ افْتَتَحَ الصَّلَاةَ ثُمَّ لَمْ يَرْفَعْهُمَا حَتَّى انْصَرَفَ . قَالَ أَبُو دَاوُدَ هَذَا الْحَدِيثُ لَيْسَ بِصَحِيح .

_ ضعیف

বাংলা

৭৫২। বারাআ ইবনু 'আযিব (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তাকবীরে তাহরীমা বলার সময় তাঁর দু' হাত উঠাতে দেখেছি। অতঃপর সালাত শেষ করা পর্যন্ত তিনি দু' হাত আর উত্তোলন করেননি।[1]

দুর্বল।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, এই হাদীসটি সহীহ নয়।

English

Narrated Al-Bara' ibn Azib:

I saw that the Messenger of Allah (ﷺ) raised his hands when he began prayer, but he did not raise them until he finished (prayer).



Abu Dawud said: This tradition is not sound.

ফুটনোট

[1] আবূ দাউদ এটি এককভাবে বর্ণনা করেছেন। আল্লামা মুন্যিরী বলেন, সন্দে মুহাম্মাদ ইবনু আবদুর রাহমান ইবনু আবূ লায়লাহ দুর্বল। হাফিয 'আত-ত্বাকরীব' গ্রন্তে বলেন, তিনি সত্যবাদী কিন্তু তার স্মরণশক্তি খুবই মন্দ। ইমাম নাসায়ী বলেন, তিনি শক্তিশালী নন। (দেখুন, আওনুল মা'বূদ)।

ইমাম বুখারী (রহঃ) বলেন, ইবনু আবূ লায়লাহ এটি মুখস্থ থেকে বর্ণনা করেছেন। যারা ইবনু আবূ লায়লাহর কিতাব থেকে হাদীসটি বর্ণনা করেছেন তারা এটি বর্ণনা করেছেন ইবনু আবূ লায়লাহ থেকে ইয়াযীদ সূত্রে। ফলে হাদীসটি পৌঁছেছে ইয়াযীদের উভয় মিলিত স্থানে এবং সংরক্ষিত হলো যেটা ইয়াযীদ থেকে সাওরী, শু'বাহ ও ইবনু ওয়াইনাহ পূর্বে বর্ণনা করেছেন। (দেখুন, জুয়উ রফ'উল ইয়াদাইন)।

ইমাম যায়লায়ী হানাফী (রহঃ) 'নাসবুর রায়াহ' গ্রন্থে উল্লেখ করেনঃ মুহাম্মাদ ইবনু আবূ লায়লাহ হাদীস বিশারদগণের নিকট ইবনুল যিয়াদের চেয়েও দুর্বল। তাছাড়া এর সনদ বর্ণনায় তিনি মতপার্থক্য করেছেন। একবার বলা হয়েছেঃ মুহাম্মাদ ইবনু আবূ লায়লাহ তার ভাই ঈসা থেকে..., আর এক বার বলা হয়েছেঃ ইবনু আবূ লায়লাহ হাকাম ইবনু উত্ববাহ থেকে তিনি ইবনু আবূ যিয়াদ থেকে, আবার বলা হয়েছেঃ তিনি ইয়াযীদ ইবনু যিয়াদ থেকে ইবনু আবূ লায়লাহ সূত্রে। অতএব হাদীসটি যিয়াদের দিকেই প্রত্যাবর্তন করলো। 'আবদুল্লাহ বিন আহমাদ ইবনু হাম্বাল (রহঃ) বলেন, আমার পিতা হাকাম ও ঈসার হাদীসটি অম্বীকার (ইনকার) করতেন এবং তিনি বলতেনঃ এটি হচ্ছে ইয়াযীদ ইবনু আবূ যিয়াদের হাদীস। ইবনু আবূ লায়লাহর স্মরণশক্তি মন্দ এবং আবূ যিয়াদ হাফিয নন। (দেখুন, নাসবুর রায়াহ)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন